# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**30 MAY 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) অবিরাম বৃষ্টিপাতের ফলে রাজ্যের বিভিন্ন অঞ্চলে স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত । শিলচর , হাইলাকান্দি ও শ্রীভূমি সহ রাজ্যের ১১টি জেলায় লাল সংকেত জারী ।

২) প্রতিকূল আবহাওয়ার জন্য আজ গৌহাটির লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দরে চলাচল করা বেশ কয়েকটি বিমান যাত্রা বিলম্ব ।

৩) চা-শ্রমিকদের ৫ হাজার টাকা করে বিশেষ সহায়তা প্রদানের জন্য প্র-পত্র বিতরণ প্রক্রিয়া খুব শীঘ্রই আরম্ভ হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার ঘোষণা ।

এবং

৪) উত্তর সিকিমে বেড়াতে গিয়ে মর্মান্তিক গাড়ি দুর্ঘটনায় ১ জন নিহত এবং ৮ জন নিখোঁজ ।

---------------------------------------------------------------------------------------------

আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যে অবিরাম বৃষ্টিপাতের ফলে স্বাভাবিক জীবন যাত্রা ব্যাহত হচ্ছে । বিশেষ করে গৌহাটি মহানগরীতে গত বুধবার থেকে বৃষ্টিপাতের ফলে কৃত্রিম বন্যার সৃষ্টি হয়েছে । শিলচরেও সড়কের বিভিন্ন স্থানে বৃষ্টির জল জমা হওয়ায় জনযট ছাড়াও জনজীবন ব্যাহত হয় । আজ সকাল থেকে অবিরাম বৃষ্টির ফলে শিলচর সহ পার্শবর্তী কয়েকটি স্থানে কৃত্রিম বন্যার সৃষ্টি হয় । শহরের লিং রোড , দাস কলোনী , পঞ্চায়েত রোড , বিবেকানন্দ রোড ইত্যাদি সড়ক জলমগ্ন হয়ে পরে । স্থানীয় জনসাধারণ এই অবস্থার জন্য শিলচর পৌরসভার ওপর তীব্র ক্ষোভ প্রকাশ করেন । সড়ক জলমগ্ন হওয়ায় পথচারী সহ স্কুল কলেজের ছাত্র-ছাত্রীরাও অসুবিধার সম্মুখীন হন ।

রাজ্য দুর্যোগ মোকাবিলা বাহিনীকে ইতিমধ্যেই আগাম সতর্কতা মূলক পদক্ষেপ হিসেবে প্রস্তুত রাখা হয়েছে । বাহিনীর জোওয়ানরা গৌহাটি মহানগরীতে গতকাল থেকেই নৌকার সহায়তায় জনসাধারণকে এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াত করার ক্ষেত্রে সহায়তা করছে ।

উল্লেখ্য যে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্য , পশ্চিমবঙ্গের হিমালয়ের পাদদেশ অঞ্চল এবং সিকিমে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার পরিপ্রেক্ষিতে লাল সংকেত জারী করেছে । বিভাগের সূত্র অনুসারে ওড়িষ্যার উপকূলবর্তীর উত্তর-পশ্চিম বঙ্গোপ সাগরে নিম্ন চাপ সৃষ্টি হয়েছে । পরবর্তী ২৪ ঘন্টায় এই নিম্ন চাপের আরো গভীর নিম্ন চাপে রূপান্তরিত হওয়ার সম্ভাবনা রয়েছে । এর প্রভাবে বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , হাইলাকান্দি ও শ্রীভূমি সহ ডিমাহাসাও , ধুবরী , দক্ষিণ শালামারা , মানকাচার , গোয়ালপাড়া , বরপেটা , বঙ্গাইগাও , নগাও , হোজাই , শোনিতপুর , তামুলপুর এবং নলবারীতে বজ্র-বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে সতর্কতা জারী করেছে । এদিকে বরঝার আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রও রাজ্যের কয়েকটি জেলায় লাল সংকেত জারী করেছে ।

প্রতিকূল আবহাওয়ার পরিপ্রেক্ষিতে আজ দিল্লী , চেন্নাই এবং লক্ষ্মৌ থেকে গৌহাটি আসা ৫টি বিমানকে কলকাতার নেতাজী সুভাষ আর্ন্তজাতিক বিমান বন্দরে ফিরিয়ে দেওয়া হয়েছে । আজ গৌহাটি থেকে যাত্রা করা এবং গৌহাটিতে অবতরণ করা বেশ কয়েকটি বিমানের যাত্রাও বিলম্বিত হয় ।

এদিকে মিজোরামের থুয়াম্পুই এলাকায় ভারী বৃষ্টিপাতের  ফলে আজ সকালে একটি দেয়াল ভেঙ্গে পড়ায় ৩৭ বছর বয়সের এক ব্যাক্তি নিহত এবং অন্য ১ জন গুরুতর আহত হয়েছেন বলে আমাদের আইজলের সংবাদদাতা জানিয়েছেন ।

----------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দেশের ১৫ জন নার্সকে রাষ্ট্রপতি ভবণে জাতীয় ফ্লোরেন্স নাইটিঙ্গল পুরস্কার ২০২৫ প্রদান করেছেন । নার্সিং ক্ষেত্রে বিশেষ অবদান স্বরূপ তাদের এই পুরস্কারে ভূষিত করা হয়েছে । কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা , প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল এবং প্রতাপ রাও যাদব আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় ১৯শো ৭৩ সাল থেকে জাতীয় ফ্লোরেন্স নাইটিঙ্গল পুরস্কার প্রদান করে আসছে ।

----------------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট আজ এক নির্দেশে জানিয়েছে যে ২০২৫ সালের আগামী ১৫ই জুন অনুষ্ঠেয় ন্যাশনাল এলিজিবিলিটি কাম এন্ট্রাস টেষ্ট ফর পোষ্টগ্র্যাজুয়েট ( নিট-পি জি ) দুটি শিফটের পরিবর্তে ১ শিফটে নেওয়া হবে ।

বিচারপতি বিক্রম নাথের নেতৃত্বাধীন ডিভিশন ব্যাঞ্চ আজ এই মর্মে রায় দিয়ে কর্তৃপক্ষকে ১টি শিফটে পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করতে এবং পুর প্রক্রিয়ায় পূর্ণ স্বচ্ছতা বজায় রাখার নির্দেশ প্রদান করেছে ।

-----------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্টের ভারপ্রাপ্ত মূখ্য বিচারপতি হিসেবে এল জমিরকে নিযুক্তি দেওয়া হয়েছে । কেন্দ্রীয় সরকারের আইন ও ন্যায় মন্ত্রণালয়ের নির্দেশে প্রবীণ বিচারপতি জমিরকে গৌহাটী হাইকোর্টের ভারপ্রাপ্ত মূখ্য বিচারপতি হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । উল্লেখ্য গৌহাটী হাইকোর্টের মূখ্য বিচারপতি বিজয় বিষ্ণইকে সুপ্রীম কোর্টের বিচারপতি হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে । এর পরিপ্রেক্ষিতে এল জমিরকে ভারপ্রাপ্ত মূখ্য বিচারপতির দায়িত্ব অর্পণ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্য সরকার চা-শ্রমিকদের ৫ হাজার টাকা করে বিশেষ সহায়তা প্রদানের জন্য প্র-পত্র বিতরণ প্রক্রিয়া খুব শীঘ্রই আরম্ভ করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ঘোষণা করেছেন। এই পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সাংসদ , বিধায়ক এবং জেলা আয়ুক্তদের সঙ্গে দিশপুরে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হন । বৈঠকে এই প্রকল্পের প্রস্তুতি পর্যালোচনা করে এর সফল রূপায়নের জন্য মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট সবাইকে নির্দেশ দেন ।

-----------------------------------------------------------------------------------

উত্তর সিকিমে বেড়াতে গিয়ে মর্মান্তিক গাড়ি দুর্ঘটনায় ১ জনের মৃত্যু হয়েছে এবং এখনও আরো ৮ জন নিখোঁজ অবস্থায় রয়েছেন । সরকারী সূত্রে জানানো হয়েছে যে গতকাল সন্ধ্যায় সিকিমের গুরুদম্বা লেক দেখে ফেরার পথে চুংথাং ও মুনসিথাং-এর মধ্যবর্তী স্থানে পর্যটকবাহী একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে প্রায় ১ হাজার ফুট নিচে তিস্তা নদীতে পড়ে যায় । গাড়িতে চালক সহ মোট ১১ জন যাত্রী ছিলেন । ঘটনার পরই সেনাবাহিনী , ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ , এন ডি আর এফ ও সিকিম প্রশাসন খারাপ আবহাওয়ার মধ্যেই উদ্ধার কাজ শুরু করেন । ২ জনকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে নিকটবর্তী হাসপাতালে পাঠানো হয়েছে । মৃতের সংখ্যা আরো বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে আসামেও আগামী ৭ জুন ইসলাম ধর্মাবলম্বী লোকেদের পবিত্র উৎসব ঈদ-উল-আজহা পালন করা হবে । কেন্দ্রীয় হিলাল কমিটি আসামের সভাপতি মৌলনা ফকরুদ্দিন আহমেদ কাসিমী এবং সম্পাদক প্রধান আলহাজ ইমাদ হুসেন গতকাল এক বিবৃতিতে একথা জানান । হিলাল কমিটি সমগ্র আসামবাসীকে ঈদ-উল-আজহার শুভেচ্ছা জ্ঞাপন করেছে ।

------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যের চা বাগান অঞ্চলের শ্রমিকদের এককালীন আর্থিক সাহায্য প্রদানের উদ্দেশ্যে গতকাল মূখ্যমন্ত্রীর একটি পাতা , দুটি কলি প্রকল্প শুরু করেছেন । এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের ৭ লক্ষ চা বাগান শ্রমিক ও কর্মচারীকে এক কালীন পাঁচ হাজার টাকা দিয়ে সাহায্য করা হবে ।
এরই অংশ হিসেবে আজ কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় একটি পাতা -দুটি কুড়ি প্রকল্পের সফল বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় দুই বিধায়ক মিহির কান্তি সোম ও দীপায়ন চক্রবর্তী , সহকারী আয়ুক্ত দীপা দাস প্রমূখ অংশগ্রহন করেন ।

উল্লেখ্য এই প্রকল্পের মাধ্যমে চা বাগানের শ্রমিক ও কর্মচারীদের শুধুমাত্র আর্থিক সাহায্য প্রদান করাই সরকারের উদ্দেশ্য নয় , এর মাধ্যমে চা শ্রমিক-কর্মচারীদের দুশ বছরের কঠোর পরিশ্রমকে সম্মান জানানো হবে ।

------------------------------------------------------------------------------------

রাজ্যের খাদ্য , গনবন্টন, গ্রাহক বিষয়ক এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই গতকাল লক্ষীপুর সম-জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে সম-জেলার সার্বিক উন্নয়নের বিভিন্ন দিক নিয়ে পর্য্যালোচনা বৈঠক করেন । বৈঠকে মন্ত্রী উন্নয়নমূলক প্রকল্পগুলি সময় মতো শেষ করা এবং কাজের গুনগত মান বজায় রাখার উপর সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ দিয়েছেন । এছাড়া বৈঠকে অসম মালা , মূখ্যমন্ত্রী গ্রামীন সড়ক উন্নয়ন প্রকল্প ও চা বাগান অধুষ্যিত এলাকার গ্রামীন সংযোগী সড়ক সহ গ্রামের পানীয় জল প্রকল্প , বিদ্যুৎ পরিষেবা নিয়ে আলোচনা করা হয় ।

------------------------------------------------------------------------------------

সমগ্র শিক্ষা আসাম প্রথম এবং এডুকেশন ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত কাছাড় জেলায় মন্ডল পর্যায়ে # টিচিং এট দ্য রাইট লেভেল # শীর্ষক পাচঁদিনব্যাপী প্রশিক্ষণ শিবিরের আজ সমাপ্তি হয়েছে । প্রশিক্ষণ চলাকালীন তৃতীয় ,চতুর্থ এবং পঞ্চম শ্রেণীতে অধ্যয়নরত শিশুরা যারা বুনিয়াদী স্বাক্ষরতা এবং সংখ্যা জ্ঞানের দক্ষতা আহরণ

করতে পারেনি তারা কিভাবে কম সময়ের মধ্যে বুনিয়াদী দক্ষতাগুলো আয়ত্ব করতে পারে সে বিষয়ে শিক্ষণ সামগ্রীর উপযুক্ত ব্যাবহার সম্পর্কে আলোচনা করা হয় । এতে কাছাড় জেলার বিভিন্ন শিক্ষা খন্ডের মোট ৯৯ জন শিক্ষক শিক্ষিকা অংশগ্রহণ করেন । উল্লেখ্য এই প্রশিক্ষণ শিবির গত সোমবার থেকে শুরু হয়েছিলো । সমগ্র শিক্ষা আসাম গৌহাটী থেকে রেহান আলী কোয়ালিটি এক্সপার্ট টি টি কম্পোনেন্ট নিয়ে বক্তব্য রাখেন এবং গোটা প্রশিক্ষণ পর্ব পর্যবেক্ষণ করেন । ডিস্ট্রিক্ট প্রোগ্রাম অফিসার গৌতম দেব এফ এল এন /ও/ প্রশিক্ষণের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন । এছাড়া প্রশিক্ষণ শিবিরে বিভিন্ন বক্তা জাতীয় শিক্ষানীতি ২০২০ র সঠিক রূপায়ন এবং নিপুণ আসাম গড়ার লক্ষ্যে ভবিষ্যত প্রজন্মকে হাতে কলমে শিক্ষা দিয়ে জীবনে সুপ্রতিষ্ঠিত করার ওপর মত বিনিময় করেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলার কৃষকদের মধ্যে ফসল বীমা সর্ম্পকে সচেতনতা বৃদ্ধি করতে বিভিন্ন কার্য্যসূচী গ্রহন করা হচ্ছে । গতকাল জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত জেলা স্তরের মনিটরিং কমিটির এক সভায় বর্তমান খারিফ মরসুমে প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় কৃষকদের নাম নথিভুক্তি প্রক্রিয়া ত্বরানিত করার উপর জোর দেওয়া হয় । বৈঠকে জেলা আয়ুক্ত সংশ্লিষ্ট সব বিভাগ ও অংশীদার সব সংস্থাগুলিকে আগামী ৩১শে জুলাই-র মধ্যে কমপক্ষে ২৭ হাজার দুশ ৫০ জন কৃষককে এই প্রকল্পের আওতায় নিয়ে আসার লক্ষ্য মাত্রা পূরনে ঐক্যবদ্ধ ও সময়োপযোগী উদ্যোগ গ্রহন করার আহ্বান জানিয়েছেন । সভায় জেলা আয়ুক্ত বলেন যে প্রাকৃতিক অনিশ্চয়তার মোকাবিলায় কৃষক সমাজের জন্য ফসল বীমা একটি অপরিহার্য্য অংশ যা কেবল ক্ষতির ভার হ্রাস করে না বরং কৃষি ক্ষেত্রে স্থিতিশীলতা ও আত্ম বিশ্বাস গড়ে তোলে । সভায় কৃষি আধিকারীক ডক্টর এ আর আহমেদ , উপ-কৃষি আধিকারীক হিতেশ ডেকা , বীমা সংস্থার প্রতিনিধি দীপক কুমার প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

শিলচরের রূপম সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে গতকাল সংস্থার কার্য্যলয়ে রবীন্দ্র-নজরুল-সুকান্ত জন্ম-জয়ন্তী উদযাপন করা হয়েছে । প্রথমে সংস্থার পক্ষ থেকে তিন কবির প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন করা হয় । সংস্থার সাধারন সম্পাদক নিখিল পাল স্বাগত বক্তব্যে রবীন্দ্র-নজরুল-সুকান্ত জন্ম জয়ন্তী পালনের প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনা করেন । পরে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয় ।

---------------------------------------------------------------------------------